



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
www.dhakaeducationboard.gov.bd

বিজ্ঞপ্তি

পত্র নং-১৮/মাঃ/সনদ/২০১৫/১৫

তারিখ: ০৪/০২/২০২০

বিষয়: ২০১৯ সালের এসএসসি সার্টিফিকেট পরীক্ষার মূল সনদ বিতরণ প্রসঙ্গে।

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনার শিক্ষা প্রতিষ্ঠানের ২০১৯ সালের এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের মূল সনদপত্র নিম্নে বর্ণিত তারিখ অনুযায়ী অত্র অফিস থেকে গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

বিতরণের তারিখ : ০৯/০২/২০২০ইং তারিখ হতে ১৭/০২/২০২০ইং তারিখ পর্যন্ত।

সময় : সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত।

সনদ বিতরণের স্থান : ৪ নং ভবনের ০৬ তলা (লিফটের-৫)।

জেলাওয়ারী বিতরণের তারিখঃ

ক্রমিক নং	জেলার নাম	বিতরণের তারিখ
০১।	নারায়নগঞ্জ, শরীয়তপুর, শেরপুর।	০৯/০২/২০২০
০২।	ফরিদপুর, নরসিংদী, কিশোরগঞ্জ।	১০/০২/২০২০
০৩।	মানিকগঞ্জ, নেত্রকোনা।	১১/০২/২০২০
০৪।	মাদারীপুর, মুন্সিগঞ্জ, ঢাকা জেলা।	১২/০২/২০২০
০৫।	গোপালগঞ্জ, ময়মনসিংহ।	১৩/০২/২০২০
০৬।	গাজীপুর, টাংগাইল।	১৬/০২/২০২০
০৭।	ঢাকা মহানগর, জামালপুর, রাজবাড়ী।	১৭/০২/২০২০

আপনার শিক্ষা প্রতিষ্ঠানের মূল সনদপত্র গ্রহণ করার জন্য গ্রুপওয়ারী কতজন ছাত্র/ছাত্রী উত্তীর্ণ হয়েছে তাঁর বিবরণসহ নিজে অথবা দায়িত্বশীল প্রতিনিধিকে প্রাধিকার পত্র দিয়ে তিনটি নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ সনদপত্র গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। ভারপ্রাপ্ত অধ্যক্ষ / প্রধান শিক্ষক নিজের বা তাঁর প্রেরিত প্রতিনিধির ক্ষেত্রে অর্থাৎ উভয় ক্ষেত্রেই সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের বর্তমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র সিদ্ধান্তের কপি অথবা মূল সনদ গ্রহণের জন্য আবেদনের উপর বর্তমান ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি'র চেয়ারম্যান অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের প্রতি স্বাক্ষর অবশ্যই আনতে হবে। অন্যথায় মূল সনদ প্রদান করা সম্ভব হবে না। প্রকাশ থাকে যে, কোন ছাত্র/ছাত্রী সাময়িক সনদপত্র গ্রহণ করে থাকলে মূল সনদপত্র প্রদানের সময় সাময়িক সনদপত্র ফেরৎ নিতে হবে। পরবর্তীতে গৃহিত সমস্ত সাময়িক সনদপত্র নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে।

স্বাঃ-

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৬৯৮১৫

প্রাপকঃ অধ্যক্ষ/প্রধান শিক্ষক

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

৪.২.২০২০

মোঃ হেলাল উদ্দিন

উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সনদ)